দৈনিক সংবাদ

২৯

তারিখ ... 28 DEC 1998 ...
পৃষ্ঠা ৭ কলাম ২

# ফেল করা ছাত্রদের তাণ্ডব রংপুর মেডিক্যাল বন্ধ

রংপুর, ২৭শে ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)।- আজ রংপুর মেডিক্যাল কলেজ ক্যাম্পাসে একদল সন্ত্রাসী ব্যাপক ভাঙচুর-তাণ্ডবলীলা চালায়। ফলে ক্যাম্পাসে চরম উত্তেজনা বিরাজ করছে। কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। আবাসিক ছাত্রছাত্রীদের ২৪ ঘন্টার মধ্যে হল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে।

কলেজ সূত্রে ও প্রত্যক্ষদর্শীর ভাষ্যমতে জানা গেছে, গত সেপ্টেম্বর মাসে রংপুর মেডিক্যাল কলেজের ১শ' ২৩ জন ছাত্রছাত্রী বৃত্তিমূলক পরীক্ষায় অংশ নেয়। এরা সকলেই ৩য় ও চতুর্থ বর্ষের ছাত্রছাত্রী। ৪টি বিষয়ে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। সম্প্রতি এই পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। এ পরীক্ষায় ৪টি বিষয়ের মধ্যে অনেক ছাত্রছাত্রী ১টি বা ২টি বিষয়ে অকৃতকার্য হয়। এই অকৃতকার্য শিক্ষার্থীরা গত শুক্রবার মধ্যরাতে বিক্ষোভ করে পরীক্ষার্থীদের সঙ্গে 'সংশ্লিষ্ট শিক্ষক অধ্যক্ষ' হাসপাতাল পরিচালকের বাসভবনে হামলা চালায়। তারা এ সময় ব্যাপক ককটেল বিস্ফোরণ ঘটায় এবং ভবনগুলোর দরজা জানালা ভাঙচুর করে।

আজ ঐসব অকৃতকার্য ছাত্র সরকার দলীয় ছাত্র সংগঠনের নেতৃত্বে দুপুরে কলেজ প্রশাসনিক ভবনে সশস্ত্র হামলা চালায়। এ সময় হামলাকারীরা কলেজ অধ্যক্ষের কক্ষের আসবাবপত্রসহ কমিউনিটি মেডিসিন বিভাগ ও প্যাথলজি বিভাগের আসবাবপত্র ভাঙচুর করে। তারা চক্ষু বিশেষজ্ঞ রাশেদুল মণ্ডল, এ্যানাসথেসিয়া বিশেষজ্ঞ হামিদুল ইসলাম ও সার্জারি বিভাগের রেজিস্ট্রারের গাড়ি ভাঙচুর করে। কলেজে পুলিশ মোতায়েন করা হয়েছে।

এ ঘটনার পরপরই কলেজ একাডেমিক কাউন্সিলের এক জরুরি সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত মোতাবেক কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে।